ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

5 JANUARY 2025 7:45—7:55 PM IST

==========================================================================

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ মুম্বাইতে দেশের ব্যাবসায়িক ক্ষেত্রের কয়েকজন বিশিষ্ট ব্যাক্তির সঙ্গে সাক্ষাৎ ।

২) আসাম সরকারের উদ্যোগে শিল্প বিনিয়োগের অংশিদার ফিক্কির সহযোগিতায় আগামীকাল মুম্বাইতে একটি বিশেষ রোড-শো ।

৩) গত কয়েক সপ্তাহ থেকে চীনে সংক্রমিত হওয়া এইচ-এম-পি ভাইরাসের প্রতি সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে বলে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রকাশ ।

৪) কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে আগামী ১১ থেকে ১৩-ই জানুয়ারী পর্যন্ত স্থায়ী জলচর ও পরিযায়ী পক্ষী গণনা ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ দেশের ব্যাবসায়িক ক্ষেত্রের কয়েকজন গুরুত্বপূর্ণ ব্যাক্তির সঙ্গে সাক্ষাৎ করে আসামে তাদের বিনিয়োগ পরিকল্পনা এবং অন্যান্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন । ডক্টর শর্মা

এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্যায়ে অংশ গ্রহণ করতে তাদের আমন্ত্রন জানান । তিনি রাজ্যের বিনিয়োগের সম্ভাবনাকে উদঘাটন করার ক্ষেত্রে সহায়তা করার জন্যও তাদের অনুরোধ জানান । ডক্টর শর্মা আজ দেশের একটি প্রথম সারির বেসরকারি ব্যাঙ্কের মুখ্য কার্যবাহী আধিকারিক শশধর জগদিশনের সঙ্গে সাক্ষাৎ করে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থাকে অগ্রাধিকার দিয়ে আসামের অর্থনীতিকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকারের গৃহিত ব্যবস্থা সম্পর্কে তাকে অবগত করেন । তিনি বলেন যে আসাম সরকার দক্ষ এবং অনিশাসন মেনে চলা কর্মশক্তির মাধ্যমে দেশের ক্রমবর্ধমান ব্যাঙ্কিং প্রতিষ্ঠানকে বেশ কয়েকটি সুযোগ প্রদান করে আসছে ।

---

এদিকে , আসাম সরকারের শিল্প বিনিয়োগী অংশিদার ফিক্কির সহযোগিতায় আগামীকাল মুম্বাইতে একটি বিশেষ রোড-শোর আয়োজন করেছে । আগামী ২৫ ও ২৬ ফেব্রয়ারী রাজ্যে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ-আসাম বিনিয়োগ এবং পরিকাঠামো শীর্ষ সম্মিলন - ২০২৫-এর প্রাককালে এই রিড-শোর আয়োজন করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামীকালের এই রোড-শোর নেতৃত্ব দেবেন । এতে ১৯ দশমিক ১ শতাংশ জি-এস-ডি-পি বৃদ্ধি সহ ২০২৪ অর্থ বছরে রাজ্যের উল্লেখযোগ্য অর্থনৈতিক বিকাশ প্রদর্শন করা সহ ভারতে বিনিয়োগ এবং পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে আসামের উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণের ওপর আলোকপাত করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল টাটা গোষ্ঠীর লার্সেন এন্ড টার্বো , মহিন্দ্রা গোষ্ঠী এবং আদানী এয়ারপোর্টের মত বিশিষ্ট শিল্পপতি এবং শিল্প জগতের অন্যান্য ব্যাক্তিবর্গের সঙ্গে পৃথক পৃথক বৈঠকে মিলিত হয়েছেন । এছাড়াও সান ফার্মা , এইচ ডি এফ সি ব্যাঙ্ক , লক্ষী টি , এইচ ইউ এল , ওয়েলস্পুন গ্রুপ সহ অন্যান্য কয়েকটি গ্রুপের শীর্ষ ব্যাক্তিবর্গের সঙ্গে আসামে কৌশলগত বিনিয়োগের জন্য প্রয়োজনীয় বিভিন্ন দিক নিয়ে আলোচনা

করবেন । আসন্ন দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ আসাম শীর্ষ সম্মিলনের বিষয়টি উল্লেখ করে ডক্টর শর্মা বলেন যে ভারতের অর্থনৈতিক বিকাশ গুরুত্বপূর্ণ যাত্রায় আসাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । রাজ্যসরকার আসামে অনুকূল ব্যবসায়ীক পরিবেশ গড়ে তোলার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালাচ্ছে ফলে ধীরে ধীরে রাজ্যের উন্নয়নের গতি তরান্বিত হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । ডক্টর শর্মা এডভান্টেজ আসাম সম্মিলনের পূর্বে মুম্বাইতে আয়োজিত রোড-শো রাজ্যের অর্থনৈতিক রূপান্তরের যাত্রায় দেশের শিল্প জগতের বিনিয়োগকারীদের আমন্ত্রণ করার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহন করবে বলেও মত প্রকাশ করেন ।

---

বিভিন্ন রাজ্যের মধ্যে কৃষি পণ্যের দামের পার্থক্য কমাতে কেন্দ্রীয় সরকার পরিবহণ এবং মজুদকরণের ব্যায় বহণ করবে বলে কেন্দ্রীয় কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন । বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের কৃষি মন্ত্রীদের সঙ্গে গতকাল অনুষ্ঠিত এক বৈঠকে এ কথা জনিয়ে তিনি বলেন যে কৃষিক্ষেত্রে বৃদ্ধির হার ৩ দশমিক ৫ থেকে ৪ শতাংশ হওয়ার সম্ভাবনা রয়েছে । তিনি জানা যে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি প্রকল্পের অধীনে দেশের ১১ কোটি কৃষককে ৩ কোটি ৪৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে । শ্রী চৌহান বলেন যে কৃষি ক্ষেত্রের সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় সরকার একাধিক ব্যবস্থা গ্রহণ করেছে ।

---

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয় জানিয়েছে যে গত কয়েক সপ্তাহ থেকে চীনে সংক্রমিত হওয়া এইচ-এম-পি ভাইরাসের প্রতি সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে ।

মন্ত্রনালয় জানিয়েছে যে আই-সি-এম-আর এইচ-এম-পি ভাইরাস পরীক্ষা করার জন্য গবেষণাগারের সংখ্যা বৃদ্ধি করে বিষয়টির প্রতি তিক্ষ্ণ নজর রাখতে সার্বিক ব্যবস্থা গ্রহণ করেছে । মন্ত্রনালয় বিষয়টি নিয়ে বিস্তারিত পর্যালোচানার উদ্দেশ্যে নতুন দিল্লীর স্বাস্থ্য বিভাগের সঞ্চালক প্রধানের নেতৃত্বে একটি যৌথ নিরিক্ষণ কমিটি গঠন করেছে । স্বাস্থ্য বিভাগের সঞ্চালক প্রধান অতুল গোয়েল জনসাধারণকে আতঙ্ককিত না হতে এবং এই ক্ষেত্রে প্রাথমিক সতর্কতা অবলম্বন করার আহ্বান জানিয়েছেন । তিনি আরো জানিয়েছেন যে ভারত সহ বিশ্বের বিভিন্ন দেশ ইতিমধ্যেই এই ভাইরাস রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে ।

---

ভারতীয় রির্জাভ বেংক আর্থিক অনিয়ম এবং দূর্নীতির আভিযোগে বেংকিং আইন ১৯৫৪ ’র অধীনে দেশের বিভিন্ন প্রান্তের ১১ টি বেংক তথা আর্থিক প্রতিষ্ঠানের অনুজ্ঞাপত্র বাতিল করেছে ।এর মধ্যে বিগত সময়ে বিভিন্ন আর্থিক কেলেঙ্কারীতে নাম জড়িত তেজপুর মহাভৈরব কো- অপারেটিভ আরবান বেংক লিমিটেড নামের আর্থিক প্রতিষ্ঠানটির অনুজ্ঞাপত্র রির্জাভ বেংক বাতিল করেছে ।উল্লেখ্য প্রতিষ্ঠানটির একাংশ প্রাক্তন পরিচালক , কর্মচারী এবং অর্থ সংগ্রাহক প্রতিষ্ঠানটির গ্রাহকদের কাছ থেকে কয়েক কোটি টাকা আত্মসাত করার অভিযোগ উত্থাপন হওয়ার পর রির্জাভ বেংক এই অভিযোগগুলি পরীক্ষা করে প্রায় ১১ কোটি টাকার অনিয়মের তথ্য লাভ করে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে এই ব্যবস্থা গ্রহণ করে ।

---

রাজ্য সরকারের শিক্ষা সঞ্চালকালয় বিদেশী ট্রাইব্যুনালের বিদেশী হিসেবে ঘোষণা করা মরিগাঁওয়ের দুজন শিক্ষককে চাকুরী থেকে বর্খাস্থ করেছে ।উভয় শিক্ষক বিদেশী ট্রাইব্যুনালের এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করেছিল । পরে হাইকোর্ট বিদেশী ট্রাইব্যুনালের রায় বহাল রাখে এবং এর পরিপ্রেক্ষিতে শিক্ষা সঞ্চালকালয় উভয় শিক্ষককে চাকুরী থেকে বরখাস্থ করার নির্দেশ জারি করে ।

---

আজ জাতীয় পক্ষী দিবস । বিভিন্ন বিলুপ্তপ্রায় পক্ষী প্রজাতি সংরক্ষণের প্রতি সচেতনতা সৃষ্টির জন্য এই দিবস পালন করা হয় । আসামে ও পক্ষী দিবসের কার্যসূচীর অংগ হিসেবে কাজিরাঙা জাতীয় উদ্যানে আগামী ১১ থেকে ১৩ ই জানুয়ারী পর্যন্ত স্থায়ী জলচর ও পরিযায়ী পক্ষীর গণনা করা হবে । কাজিরাঙা জাতীয় উদ্যান তথা ব্যাঘ্র প্রকল্প এলাকার পূর্ব আসাম বন্যপ্রাণী বন সংমন্ডল , নগাও বন্যপ্রানী সংমন্ডল সহ বিশ্বনাথ বন্যপ্রানী সংমন্ডল এলাকায় ষষ্ঠবারের জন্য এই বিশেষ পক্ষী গণনা কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।কাজিরাঙা জাতীয় উদ্যানের বন সংমন্ডল আধিকারিক একথা জানিয়েছেন । কাজিরাঙায় অনুষ্ঠেয় এই গণনায় বন বিভাগের আধিকারিক কর্মচারী , স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য সহ ঐ এলাকার বিদ্যালয় মহাবিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রশিক্ষণ দিয়ে গণনা কার্যসূচীতে নিয়োগ করা হবে বলে উদ্যান কতৃপক্ষ জানিয়েছে । জাতীয় উদ্যানের বিল , জলাশয় ইত্যাদিতে গত বছর করা গণনায় ৮৮ হাজার ৭১০ টি চরাই পাওয়া

গেছে ।এই গণনায় ১৮৪ ধরণের বিভিন্ন প্রজাতির চরাই পরিলক্ষিত হয়েছিল ।

---

সেনা বাহিনী ,সি আর পি এফ , আসাম রাইফেলস এবং মণিপুর পুলিশ যৌথ অভিযান চালিয়ে মণিপুরের বিভিন্ন জেলা থেকে প্রচুর পরিমানে অস্ত্রশস্ত্র ও গোলা বারুদ উদ্ধার করেছে ।গত ৩০ শে ডিসেম্বর থেকে তেসোরা জানুয়ারী পর্যন্ত অভিযান চালিয়ে ইম্ফাল পশ্চিম , চান্দেল , থৌবাল কাংপকপি এবং চূড়াচান্দপুর জেলা থেকে এম -১৬ রাইফেল , এস এল আর - রাইফেল , অটোমেটিক পিস্তল ,কারবাইন মেশিনগান , স্নিপার রাইফেল , মর্টার সহ বহু অস্ত্রশস্ত্র , যুদ্ধের সরঞ্জাম ইত্যাদি উদ্ধার করা হয়েছে ।রাজ্যটির সুরক্ষার জন্য সেনা বাহিনী সহ অন্যান্য বাহিনীগুলো যৌথভাবে ঐসব অঞ্চলে টহলদারী অব্যাহত রেখেছে ।

---

পর্যটনের প্রচার ও প্রসারের জন্য ভারতীয় রেলোয়ে রাজস্থানের রাণা প্রতাপ নগর ও কামাখ্যার মধ্যে ভারত গৌরবের একটি বিশেষ রেল চলাচল শুরু করেছে । গতকাল রাণা প্রতাপ নগর থেকে যাত্রা আরম্ভ করা রেলগাড়ীটি আগামীকাল দুপুর ২ টো ২৫ মিনিটে কামাখ্যা ষ্টেশনে উপস্থিত হবে । ঐ ট্রেনে করে আসা পর্যটকদের বিভিন্ন স্থান

ভ্রমণ করানোর জন্য দুদিনের বিরতি নিয়ে আগামী ৭ ই জানুয়ারী বিকেল ৫ টা ১৫ মিনিটে কামাখ্যা থেকে ট্রেনটি ছাড়বে । উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের জনসম্পর্ক বিষয়ক আধিকারিক এক বিজ্ঞপ্তীতে ভারতের সাংস্কৃতিক বৈচিত্র উদযাপনের অনন্য ঘ্রমণ অভিজ্ঞতা প্রদান করাই হচ্ছে এই ভারত গৌরব বিশেষ রেল চলাচলের উদ্দেশ্যে বলে জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে জেলার বিভিন্ন স্থানে খাজনা আদায় শিবির অনুষ্টিত হবে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামীকাল ও আগামী মঙ্গলবার বোয়ালিপার , জয়কৃষ্ণপুর , আলগাপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয় এবং কাটলিছড়া রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী ৮ ও ৯ই জানুয়ারী রাঙ্গাউটি ,কালাছড়া ,কারিছড়া এবং কালীনগর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে , আগামী ১০ ও ১১ই জানুয়ারী বাহাদূরপুর , বাওয়ারঘাট ,জামিরা এবং পাচঁগ্রাম গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্টিত হবে ।

---

---